# বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট
## বাকৃবি চত্বর, ময়মনসিংহ-২২০২

স্মারক নং-১২.২৪.০০০০.২০১.১১.০০৮.১৭.৩৫০ তারিখ: ৩০-১২-২০২০খ্রি:

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিনা), ময়মনসিংহ এর নিম্নবর্ণিত রাজস্ব খাতভুক্ত (স্থায়ী/অস্থায়ী) ১৫টি শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে সরাসরি নিয়োগের নিমিত্ত প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে অনলাইনে (http://bina.teletalk.com.bd) দরখাস্ত আহবান করা যাইতেছে। উল্লেখিত পদে আবেদনের জন্য প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য শর্ত নিম্নে উল্লেখ করা হইল:

| ক্রমিক নং | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল | পদের সংখ্যা | সর্বোচ্চ বয়সসীমা | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১। | বৈজ্ঞানিক কর্মকর্তা (গ্রেড-৯) টা.২২,০০০-৫৩,০৬০/- | ১৫ (পনেরো)<br><br>(*কৃষি-১৫টি: ১৪টি স্থায়ী ও ১টি অস্থায়ী) | ৩০ বৎসর | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কৃষি বা কৃষি প্রকৌশল বা কৃষি অর্থনীতি বা ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বা ফলিত পদার্থবিজ্ঞানে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪ বৎসর মেয়াদি স্নাতক ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) শিক্ষা জীবনের সকল স্তরে অন্যূন দ্বিতীয় বি ভাগ বা শ্রেণি অথবা সমমানের সিজিপিএ থাকিতে হইবে । |

**নিয়োগের শর্তাবলী:**

১। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হইতে হইবে।

২। প্রার্থীগণকে অনলাইনে (http://bina.teletalk.com.bd) আবেদন করিতে হইবে। আবেদনকারীর নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ ও নিজ জেলাসহ অন্যান্য সকল তথ্য সংশ্লিষ্ট সনদে যেইভাবে লিখিত আছে, অনলাইন আবেদন ফরমে এবং পরবর্তীতে হুবহু সেইভাবে লিখিতে হইবে।

৩। মুদ্রিত/হাতে লেখা কোন প্রকার আবেদন বা কাগজপত্র ডাকযোগে বা অন্য কোন উপায়ে প্রেরণ করা হইলে তাহা গ্রহণযোগ্য হইবে না।

৪। বয় সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নহে। বয়সসীমা (৩১ জানুয়ারি ২০২১ তারিখ অনুযায়ী)-

(ক) মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/শারীরিক প্রতিবন্ধী আবেদনকারীগণের জন্য বয়সসীমা সর্বোচ্চ ৩২ বছর।

৫। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করিতে হইবে এবং কর্তৃপক্ষের অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করিতে হইবে।

*৬। শূন্য পদ না থাকায় কৃষি প্রকৌশল, কৃষি অর্থনীতি, ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং এবং ফলিত পদার্থবিজ্ঞানের প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।

৭। **অনলাইন আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও শর্তাবলী:**

ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিকে http://bina.teletalk.com.bd অথবা www.bina.gov.bd ওয়েবসাইটের মাধ্যমে নির্ধারিত আবেদনপত্র পূরণ করিয়া পরীক্ষা ফি সহ online registration কার্যক্রম সম্পন্ন করিতে হইবে। উল্লিখিত ওয়েবসাইটে প্রবেশ করিলে ‘বিনা নিয়োগ ২০২০’ এর বিজ্ঞপ্তি, আবেদনপত্র পূরণের বিস্তারিত নির্দেশনাবলি এবং নির্ধারিত Application Form এর লিংক দৃশ্যমান হইবে। Application Form এর লিংক এ ক্লিক করিলে বৈজ্ঞানিক কর্মকর্তা পদের রেডিও বাটন দৃশ্যমান হইবে। রেডিও বাটন সিলেক্ট করিয়া Next বাটনে ক্লিক করিলে Application Form পাতায় প্রবেশ করা যাইবে।

i) আবেদনপত্র পূরণ ও পরীক্ষা ফি জমা দেওয়ার শুরুর তারিখ ও সময়: ৩১/১২/২০২০খ্রি. সকাল ১০.০০ ঘটিকা।

ii) আবেদনপত্র পূরণপূর্বক জমা দেওয়ার শেষ তারিখ ও সময় : ৩১/০১/২০২১খ্রি. বিকাল ৫.০ ঘটিকা পর্যন্ত। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ অনলাইনে আবেদনপত্র Submit এর সময় হইতে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে আবেদন ফি জমা দিতে পারিবেন;

খ) অনলাইন আবেদনপত্রে প্রার্থী তাঁ হার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০ pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করিয়া Upload করিবেন;

গ) অনলাইন আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হইবে, সেইহেতু অনলাইনে আবেদনপত্র Submit করিবার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হইবেন;

ঘ) অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করিয়া নির্দেশনামতে প্রার্থীর ছবি ও স্বাক্ষর Upload করিয়া আবেদনপত্র Submit করা সম্পন্ন হইলে কম্পিউটারে ছবিসহ Application preview দেখা যাইবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করিবার

পর প্রার্থীর User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাওয়া যাইবে। Applicant's copy টি Download পূর্বক রঙ্গিন প্রিন্ট করিয়া পরীক্ষা সংক্রান্ত যেকোন প্রয়োজনে সহায়ক হিসাবে সংরক্ষণ করিবেন;

ঙ) প্রাপ্ত User ID নম্বর ব্যবহার করিয়া প্রার্থী যে কোন Teletalk pre-paid মোবাইল নাম্বারের মাধ্যমে SMS করিয়া আবেদন ফি বাবদ ১১২/- (একশত বারো) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। উল্লেখ্য, অনলাইনে আবেদনপত্রের সকল অংশ পূরণ করিয়া Submit করা হইলেও আবেদন ফি জমা না দেওয়া পর্যন্ত অনলাইন আবেদনপত্রটি কোন ভাবেই গৃহীত হইবে না। নিম্নে SMS এর নির্দেশনা User ID এবং Password পুনরুদ্ধার পদ্ধতি উল্লেখ করা হইল।

SMS করার পদ্ধতি:

প্রথম SMS: BINA<space>User ID লিখিয়া 16222 নম্বরে Send করিতে হইবে।

দ্বিতীয় SMS: BINA<space>Yes<space>PIN লিখিয়া 16222 নম্বরে Send করিতে হইবে।।

দ্বিতীয় SMS টি পাঠানোর পর ফিরতি SMS এ Password পাওয়া যাইবে। Password টি Admit card (প্রবেশপত্র) Download এর জন্য প্রার্থী সংরক্ষণ করিবেন।

User ID এবং Password পুনরুদ্ধার পদ্ধতি :

শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন হইতে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করিয়া নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করিতে পারিবেন।

User ID জানা থাকিলে: BINA<space>Help<space>User<space>User ID & Send to 16222
Example: BINA Help User ABCDEF & Send to 16222

PIN Numberজানা থাকিলে: BINA<space>Help<space>PIN<space>PINNumber & Send to 16222
Example: BINA Help PIN 12345678 & Send to 16222

চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://bina.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হইবে। অনলাইন আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হইবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিক অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করিয়া পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র Download পূর্বক রঙ্গিন Print সংরক্ষণ করিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হইলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করিবেন।

৮। প্রার্থীর যোগ্যতা যাচাই:

প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভূয়া প্রমাণিত হইলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করিলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিলসহ তাহার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হইলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থীতা বাতিল করিবার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করিবেন। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১টি করিয়া সত্যায়িত ফটোকপি/অনুলিপি দাখিল করিতে হইবে;

ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র;

খ) প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক ০১ কপি চারিত্রিক সনদপত্র;

গ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলার কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র;

ঘ) জাতীয় পরিচয়পত্র;

ঙ) অনলাইন -এ পূরণকৃত আবেদন পত্রের কপি (Applicant's copy)।

৯। পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিনা) এর ওয়েবসাইটে ( www.bina.gov.bd) পাওয়া যাইবে।

১০। লিখিত ও মৌখিক পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে চূড়ান্তভাবে প্রার্থী নির্বাচন করা হইবে।

১১। নিয়োগের ক্ষেত্রে সকল প্রকার সরকারি বিধি-বিধান এবং সংশ্লিষ্ট প্রবিধানমালা অনুসরণ করা হইবে।

১২। নিয়োগ সংক্রান্ত যে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করিবেন।

১৩। কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদের সংখ্যা হ্রাস এবং বিজ্ঞপ্তি বাতিল করিবার অধিকার সংরক্ষণ করিবেন।

১৪। নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হইবে না।

১৫। এই নিয়োগ বিজ্ঞপ্তি কৃষি মন্ত্রণালয়ের স্মারক নম্বর ১২.০০.০০০০.০৬৪.১১.০০২.১৯.০০২.১৯.১৪২; তারিখ: ৩০/৭/২০২০খ্রি. এর আলোকে প্রকাশ করা হইলো।

(ড. মো. আবুল কালাম আজাদ)
পরিচালক (প্রশাসন ও সাপোর্ট সার্ভিস)
মহাপরিচালকের পক্ষে